

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫০৫

আগরতলা, ২১ জানুয়ারি, ২০২৫

পূর্ব গকুলনগর আয়ুষ্মান আরোগ্য মন্দিরে নিষ্কয় শিবির



টিবি মুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে ১০০ দিনের প্রচার অভিযান কর্মসূচির অঙ্গ হিসেবে ও যক্ষ্মা(টিবি) সনাক্তকরণ, প্রতিরোধ এবং চিকিৎসার উদ্দেশ্যে সিপাহীজলা জেলার মধুপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত সাবার পাড়ার পূর্ব গকুলনগর আয়ুষ্মান আরোগ্য মন্দির প্রাঙ্গণে গত ১৮ জানুয়ারি, ২০২৫ এক নিষ্কয় ও স্বাস্থ্য সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। তাতে মোট ৪৪জন এলাকাবাসী অংশগ্রহণ করেন। এদিন স্বাস্থ্যকর্মীরা অংশগ্রহণকারী এলাকাবাসীদের মধ্যে যক্ষ্মা(টিবি) সনাক্তকরণের জন্য সন্দেহভাজন ব্যক্তিদের কফ সংগ্রহ করা, রক্তচাপ পরিমাপ সহ ডেঙ্গু সনাক্তকরণের জন্য আরডিটি কিটের মাধ্যমে রক্ত পরীক্ষা করা হয়। পাশাপাশি স্বাস্থ্যকর্মীরা অংশগ্রহণকারী এলাকাবাসীদের মধ্যে টিবি রোগের লক্ষণ, এই রোগে কেউ যদি আক্রান্ত হলে কি কি করণীয়, এবং টিবি রোগীরা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে বিনামূল্যে কি কি সুবিধা পাবে সে বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা করেন। উক্ত কর্মসূচিতে উপস্থিত ছিলেন কমিউনিটি হেলথ অফিসার সীমা দেবনাথ, এমপিডব্লিও প্রশান্ত সাহা, আশাকর্মীরা। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
